

💵 প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - সালাত (নামায) রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

২.২৯ জুমু'আর সালাত শুদ্ধ হওয়ার শর্ত - ১৪৪. জুমু'আ শুদ্ধ হওয়ার শর্তসমূহ কী?

জুমু'আ শুদ্ধ হওয়ার শর্তাবলি

- ১. সময় হওয়া, অর্থাৎ সূর্য মাথার উপর থেকে পশ্চিম দিকে ঢলে পড়ার পর সালাত আদায় করা। (বুখারী: ৪১৬৮)
- ২. জামাআতের সাথে আদায় করা। একাকী কখনো জুমু'আর সালাত আদায় হয় না।
- ৩. এমন গ্রামের লোকের উপর জুমু'আ ফরয হবে যেখানে লোকেরা স্থায়ীভাবে ঘর-বাড়ি তৈরি করে বসবাস করে (মুসলিম: ৬৭২)। অর্থাৎ, অস্থায়ীভাবে তাঁবুতে বসবাস করে এমন লোকদের উপর জুমু'আ ফরয নয়। (মুগনী: ৩/২০৩)।
- 8. দুটি খুৎবা দেওয়া। রাসূলুল্লাহ (সা.) জুমু'আর ফরয আদায়ের পূর্বে দাঁড়িয়ে দুটি খুৎবা দিতেন এবং দুই খুৎবার মাঝে সামান্য সময়ের জন্য বসতেন (বুখারী: ৯২০)। চুপ করে খুৎবা শোনা ওয়াজিব এবং এ সময় কথা বলা হারাম। জুমু'আর সালাতের সবচেয়ে বড় উদ্দেশ্য হলো মানুষকে ওয়াজ-নসিহত শুনানো ও উপদেশ প্রদান।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13043

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন